
# গৃহঋণ বার্তা

## বিএইচবিএফসি'র ত্রৈমাসিক বুলেটিন

৮ম বর্ষ, ৪র্থ সংখ্যা
জুলাই-সেপ্টেম্বর ২০১৯ খ্রি.



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন
Bangladesh House Building Finance Corporation
গৃহায়নের দিগন্তে ঐতিহ্যের স্মারক



"সমস্ত সরকারী কর্মচারীকেই আমি অনুরোধ করি, যাদের অর্থে আমাদের সংসার চলে তাদের সেবা করুন"।

— বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান


# গৃহঋণ বার্তা

বিএইচবিএফসি'র ত্রৈমাসিক বুলেটিন

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন | ৮ম বর্ষ ৪র্থ সংখ্যা | জুলাই-সেপ্টেম্বর ২০১৯খ্রি.


## বিএইচবিএফসি'র জাতীয় শোক দিবস পালন




বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকী পালন করে। এদিন ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এ উপলক্ষ্যে কর্পোরেশনের কনফারেন্স রুমে এক আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব দেবাশীষ চক্রবর্ত্তী দিবসটির তাৎপর্য তুলে ধরে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর আলোকপাত করেন। ১৯৭৫ সালের ১৫ আগস্ট, ইতিহাসের এই কালো দিনে মহান এই নেতা পরিবার-পরিজন স্ত্রী, পুত্র-পুত্রবধুসহ একদল উচ্চাভিলাষী বিপদগামী সেনা কর্মকর্তার হাতে নিহত হন। বঙ্গবন্ধু যেন বাংলার আকাশ, বিস্তৃত শামিয়ানা, উজ্জ্বল ধ্রুবতারা; যার আলোকরশ্মির হিরণ্ময়তায় উদ্ভাসিত হবে বাংলাদেশ। এই অনুষ্ঠানে কর্পোরেশনের মহাব্যবস্থাপক, উপ-মহাব্যবস্থাপক, সদর দফতরসহ ঢাকাস্থ জোনাল, রিজিওনাল ও শাখা অফিসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং বঙ্গবন্ধু পরিষদ, বঙ্গমাতা পরিষদ ও শ্রমিক লীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে দুঃস্থদের মধ্যে খাবার বিতরণ করা হয়। এছাড়াও ঢাকার বাহিরে বিএইচবিএফসি'র সকল অফিসে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে দোয়া মাহফিল ও শোক র‍্যালী অনুষ্ঠিত হয়।



**শোকাবহ**
**১৫ আগস্ট**

"চলে গেছো তুমি বিদীর্ণ নক্ষত্র ম
রেখে বাংলার সবুজ মাঠ
ঘাসফুল শতদল স্বাধীনতা,
মুঠোভরা সোনালী বিকেল
স্বপ্ন দীপ্ত নয়নে।

রেখে গেছো এই মহাকাল
বাংলার দ্বীপে শাশ্বত প্রত্যয়,
আজও তাই তোমাকে পাই
ফিরে দ্বীপান্তরী বুকে
স্মৃতির অন্বেষণে।"

জাতির জনক বঙ্গবন্ধু
শেখ মুজিবুর রহমানের
বিদেহী আত্মার প্রতি
শ্রদ্ধাঞ্জলি

গরীব ও দুঃস্থদের মাঝে খাবার বিতরণ



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব দেবাশীষ চক্রবর্ত্তী গরীব ও দুঃস্থদের মাঝে খাবার বিতরণ করেন। সদর দপ্তর চত্তরে আয়োজিত এই খাবার বিতরণ অনুষ্ঠান তদারকিতে সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং বঙ্গবন্ধু পরিষদ, বঙ্গমাতা পরিষদ ও শ্রমিক লীগের নেতৃবৃন্দ সহযোগিতা করেন।

# ১৫ আগস্ট ২০১৯ 'জাতীয় শোকদিবস উপলক্ষ্যে গরীব ও দুঃস্থদের মাঝে খাবার বিতরণ, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও বৃক্ষ রোপন কর্মসূচি

১৫ আগস্ট ২০১৯ 'জাতীয় শোকদিবস' ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদৎ বার্ষিকী উপলক্ষ্যে বিএইচবিএফসি আদর্শ উচ্চ বিদ্যালয়ে শিশু কিশোরদের মধ্যে এক চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। বঙ্গবন্ধু ও স্বাধীনতা, বাংলার প্রকৃতি এবং মুক্তিযুদ্ধ ও ১৯৭১ ইত্যাদি বিভিন্ন বিষয়ের উপর উন্মুক্ত চিত্রাঙ্কন করা হয়। এতে শিশু কিশোরদের দেশমাতৃকার প্রতি নিজস্ব অভিব্যক্তি ও কল্পনার সার্থক প্রতিফলন ঘটে।

বাংলার এই অবিসংবাদী নেতার বহুল মানসজাত সোনার বাংলার সবুজায়নের অংশ হিসেবে মাসব্যাপী বিএইচবিএফসি'র উত্তরা স্টাফ কোয়ার্টারে বৃক্ষ রোপণ কর্মসূচী পালন করা হয়। এ অনুষ্ঠানদ্বয়ে কর্পোরেশনের মহাব্যবস্থাপক জনাব মোঃ জসীম উদ্দীন, উপ-মহাব্যবস্থাপক জনাব মোঃ খাইরুল ইসলাম, মিসেস সোহেলী জান্নাত, বঙ্গবন্ধু পরিষদ ও বঙ্গমাতা পরিষদের নেতৃবৃন্দসহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

চিত্রাঙ্কন প্রতিযোগিতা



বৃক্ষরোপন কর্মসূচি





"বিএইচবিএফসি বিশ্বাস করে - আকাশ হবে না কোন শিশুর গৃহছাদ"- ব্যবস্থাপনা পরিচালক, বিএইচবিএফসি




# বিএইচবিএফসি এবং সেনা কল্যাণ সংস্থা (এসকেএস)-এর মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষর



'বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন' এবং 'সেনা কল্যাণ সংস্থা'র মধ্যে সম্প্রতি ঢাকাস্থ এসকেএস টাওয়ার এর কনফারেন্স রুমে এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। অনুষ্ঠানে বিএইচবিএফসি'র পরিচালনা পর্ষদের চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ, ব্যবস্থাপনা পরিচালক জনাব দেবাশীষ চক্রবর্ত্তী এবং সেনা কল্যাণ সংস্থার চেয়ারম্যান মেজর জেনারেল ফিরোজ হাসান, এনডিইউ, পিএসসি-সহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত সমঝোতা স্মারকে কর্পোরেশনের পক্ষে মহাব্যবস্থাপক জনাব অরুন কুমার চৌধুরী এবং সেনা কল্যাণ সংস্থার পক্ষে উপ-মহাপরিচালক কর্নেল মোঃ মাহমুদুর রহমান, পিএসসি স্বাক্ষর করেন। এ সমঝোতা স্মারকের ফলে সেনা কল্যাণ কনস্ট্রাকশন এন্ড ডেভেলপমেন্টস এর মাধ্যমে নির্মিত/নির্মিতব্য ফ্ল্যাট ক্রয়ে আগ্রহী ব্যক্তিগণকে খুব সহজে এবং দ্রুত সময়ে কর্পোরেশনের ঋণ প্রদান করা সম্ভব হবে।

অনুষ্ঠান শেষে সমঝোতা স্মারক অনুষ্ঠানটিকে স্মরণীয় করে রাখতে একটি কেক কাটা হয়। পরিচালনা পর্ষদের চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ এবং ব্যবস্থাপনা পরিচালক জনাব দেবাশীষ চক্রবর্ত্তী এতে অংশগ্রহণ করেন।

# বিএইচবিএফসি'র উপব্যবস্থপনা পরিচালক হলেন মোহাম্মদ শাহজাহান



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বানিজ্যিক ব্যাংক শাখার ১৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখের ৫৩.০০.০০০০.৩১২.১২.০০১.১৯-১৭০ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী জনাব মোহাম্মদ শাহজাহান উপ-ব্যবস্থাপনা পরিচালক (ডিএমডি) হিসাবে পদোন্নতি পেয়ে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনে যোগদান করেন। সর্বশেষ তিনি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)-তে মহাব্যবস্থাপক হিসেবে ক্রেডিট ডিভিশন, ইন্টারনাল কন্ট্রোল এন্ড কমপ্লায়েন্স ডিভিশন, পোর্টফোলিও ম্যানেজমেন্ট ও ট্রাস্টি ডিভিশন, আইসিটি এন্ড ডিপোজিটরি, ব্রাঞ্চ এন্ড সাবসিডিয়ারি ইত্যাদি বিভিন্ন গুরুত্বপূর্ণ বিভাগে দায়িত্ব পালন করেন। ১৯৮৭ সালে তিনি অফিসার হিসেবে আইসিবিতে ক্যারিয়ার শুরু করেন। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞানে এম.কম ডিগ্রী অর্জন করেন। জনাব শাহজাহান ফেণী জেলার পরশুরাম উপজেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি দেশে ও বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ ও সেমিনারে অংশগ্রহণ করেন। এছাড়াও আইসিবি সিকিউরিটিজ লিমিটেড, এস আলম কোল্ড রোল্ড ইন্ডাঃ লিমিটেড, ওয়ান টেক্স লিমিটেড এবং সিভিসি ফাইনান্স লিমিটেড এর পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।



# ‘অস্বচ্ছল মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ’ শীর্ষক প্রকল্পে বিএইচবিএফসি

‘অস্বচ্ছল মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ’ শীর্ষক প্রকল্পে এক তলা বিশিষ্ট আবাসন ভবন নির্মাণের লক্ষ্যে স্থাপত্য ও কাঠামো নকশা সংক্রান্ত বিষয়ে ৩০ সেপ্টেম্বর ২০১৯ তারিখ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আ.ক.ম মোজাম্মেল হক, সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব জনাব এস এম আরিফ-উর-রহমান, অতিরিক্ত সচিব জনাব মোঃ ছালাহউদ্দিন চৌধুরী এবং বিএইচবিএফসি’র ব্যবস্থাপনা পরিচালক জনাব দেবাশীষ চক্রবর্ত্তী, প্রকৌশলী জনাব গোলাম মোস্তফাসহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



উক্ত সভায় ব্যবস্থাপনা পরিচালক প্রস্তাবিত প্রকল্পের জন্য স্থাপত্য নকশা ও কাঠামো নকশা মন্ত্রী মহোদয়ের নিকট আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেন। সভায় মন্ত্রী মহোদয় কর্পোরেশনের এ উদ্যোগকে সাধুবাদ জানিয়ে ধন্যবাদ জ্ঞাপন করেন।

মুক্তিযোদ্ধারা জাতির সূর্য সন্তান, বাংলার মাটি তাঁদের ঋণে ও রক্তে পল্লবীত। সরকারের এই মহান উদ্যোগের সাথে একাত্ম হয়ে মুক্তিযোদ্ধাদের জন্য বাড়ী নির্মাণকল্পে নকশা প্রণয়নে অংশীদার হতে পেরে বিএইচবিএফসি গর্ববোধ করছে মর্মে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় মত প্রকাশ করেন।

## জুলাই-সেপ্টেম্বর প্রান্তিকে অবসরোত্তর ছুটি (পিআরএল)-তে গেলেন যাঁরা–



| | |
|---|---|
| নাম ঃ | **শেখ আকবর আলী** |
| পদবী ঃ | সিনিয়র অফিসার |
| পি.এফ নং ঃ | ৬৯২ |
| সর্বশেষ কর্মস্থল ঃ | প্রধান শাখা অফিস, খুলনা |
| অবসর গ্রহণের তারিখ ঃ | ২৪.০৯.২০১৯ খ্রি. |

# ডাচ্ বাংলা ব্যাংক এর সাথে বিএইচবিএফসি'র দ্বি-পাক্ষিক সভা



১৮ জুলাই ২০১৯ তারিখ বিএইচবিএফসি'র বোর্ড রুমে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন এবং ডাচ্ বাংলা ব্যাংক এর মধ্যে এক দ্বি-পাক্ষিক সভা অনুষ্ঠিত হয়। নগদ টাকা লেনদেনের পরিবর্তে ডাচ্ বাংলা ব্যাংকের ডিজিটাল পেমেন্ট সুবিধার মাধ্যমে বিএইচবিএফসি'র প্রতিটি অফিসে POS (Point of sale) মেশিন চালু করার বিষয়ে আলোচনা হয়। আগস্ট, ২০১৯ হতে পর্যায়ক্রমে বিএইচবিএফসি'র প্রতিটি অফিসে POS (Point of sale) মেশিন চালু করা হবে মর্মে সিদ্ধান্ত হয়। সভায় বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব দেবাশীষ চক্রবর্তীসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।





এরই ধারাবাহিকতায় কর্পোরেশনের বিভিন্ন অফিসে POS (Point of sale) মেশিন এর সাহায্যে ঋণ সংক্রান্ত বিভিন্ন ফি/কিস্তি গ্রহণ শুরু হয়। কর্পোরেশনকে ডিজিটালাইজড ও পেপারলেস অফিসে রূপান্তর করার ক্ষেত্রে বর্তমান ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের এটি আরো একটি সাফল্য হিসেবে পরিগণিত হলো।

চিত্র ঃ **POS (Point of sale)** মেশিন এর সাহায্যে প্রধান শাখা, ঢাকা উত্তর-এ একজন গ্রাহকের টাকা জমাদান



# বিএইচবিএফসি'তে ১৩তম বুনিয়াদী শীর্ষক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত




বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন এর প্রশিক্ষণ কেন্দ্রে ১৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখ হতে ১৫ (পনের) কার্যদিবসব্যাপী সিনিয়র অফিসারদের জন্য বুনিয়াদী প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। কর্পোরেশন কর্তৃক আয়োজিত এটি হলো ১৩তম বুনিয়াদী কোর্স। উক্ত অনুষ্ঠানে বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব দেবাশীষ চক্রবর্তী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিএইচবিএফসি'র জ্যেষ্ঠ মহাব্যবস্থাপক জনাব মোঃ জাহিদুল হক (বর্তমানে উপ-ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক)। এ সময় অন্যান্য মহাব্যবস্থাপক ও উপ-মহাব্যবস্থাপকগণ উপস্থিত ছিলেন। উক্ত প্রশিক্ষণ কোর্সে বিএইচবিএফসি'র বিভিন্ন অফিসের ৪২ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

বাংলাদেশের গৃহায়ন অবস্থা, গৃহায়ন খাতে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের অবদান, দেশের আবাসন সমস্যা সমাধানে ভবিষ্যৎ পরিকল্পনা, বিএইচবিএফসি'র কার্যাবলী, ঋণনীতি, কর্মসূচী এবং নিয়মাচার, ঋণ প্রদানে প্রকৌশল ও আইন সংক্রান্ত দক্ষতা বৃদ্ধিকরণ, কর্পোরেশনের তহবিল ব্যবস্থাপনা ও হিসাব পদ্ধতি এবং ঋণ আদায় পদ্ধতি, চাকুরীর সাধারণ নিয়মাবলী, বর্তমান ডিজিটাল ও প্রতিযোগীতামূলক বিশ্বে চ্যালেঞ্জ মোকাবেলা, রুরাল এন্ড পেরি আরবান হাউজিং ফাইনান্স প্রজেক্ট, রূপকল্প-২০২১ বাস্তবায়নে ই-ফাইলিং, নাগরিক সেবায় উদ্ভাবন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG), জাতীয় শুদ্ধাচার কৌশল এবং সুশাসন সম্পর্কে ধারণা প্রদান- ইত্যাদি নানাবিধ বিষয় নিয়ে কোর্সটির মডিউল সাজানো হয়।

বর্তমান ট্রেনিং মেথড: লেকচার ও পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এর পাশাপাশি কেস স্টাডি, অভিজ্ঞতা বিনিময়, দলীয় কাজ, অনুশীলন, মাঠ সমীক্ষা ইত্যাদি অংশগ্রহণমূলক (Activity Based) আধুনিক প্রশিক্ষণ পদ্ধতি কোর্সটিতে অন্তর্ভূক্ত করা হয়।

# উপ-ব্যবস্থাপনা পরিচালক পদে জনাব মোঃ জাহিদুল হক এর পদোন্নতি



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বানিজ্যিক ব্যাংক শাখার ১৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখের ৫৩.০০.০০০০. ৩১২.১২.০০১.১৯-১৭০ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী বিএইচবিএফসি'র জ্যেষ্ঠ মহাব্যবস্থাপক জনাব মোঃ জাহিদুল হক-কে উপ-ব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতি প্রদান করে সোনালী ব্যাংক লিঃ এ পদায়ন করা হয়। জনাব জাহিদুল হক পদোন্নতিপ্রাপ্ত উপ-ব্যবস্থাপনা পরিচালকগণের মধ্যে প্রথম স্থান অধিকার করেন। এতদুপলক্ষ্যে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাকে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করা হয়। এ সময় কর্পোরেশনের সকলস্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এই পরিসরে কর্পোরেশনের একজন সৎ, সাহসী ও নিষ্ঠাবান কর্মকর্তা হিসেবে জনাব মোঃ জাহিদুল হক-এর বর্ণাঢ্য কর্মজীবনের নানাদিক তুলে ধরা হয়।



কিস্তির অতিরিক্ত জমাকৃত টাকা আসলে সমন্বয় করা হয়

# উদ্ভাবনী ধারণা

ইনোভেশন কর্নার

## Rural and Peri-urban Housing Finance Project

**উদ্ভাবনী ধারণার শিরোনাম ঃ** Rural and Peri-urban Housing Finance Project

**পরিচিতি ঃ** Islamic Development Bank (IsDB) এর আর্থিক সহায়তায় রুরাল ও পেরি আরবান এলাকায় পরিকল্পিত আবাসন প্রকল্প।

**উদ্দেশ্য ঃ** প্রতি বছর আমাদের মোট চাষযোগ্য জমির প্রায় ২% হ্রাস পাচ্ছে। আশংকাজনক হারে আবাদী জমি হ্রাসের প্রধান কারণ অপরিকল্পিতভাবে গৃহ নির্মাণ। একই সাথে গ্রামীণ জনগোষ্ঠির জন্য পরিকল্পিত আবাসন ও চাষযোগ্য জমি হ্রাসরোধ-ই এ সেবার মূল উদ্দেশ্য। এ প্রকল্প বাস্তবায়িত হলে প্রায় ১৮৫ হেক্টর চাষযোগ্য জমি রক্ষা পাবে।

**কর্মপদ্ধতি ঃ**

- স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী ঋণ চুক্তি কার্যকর করা;
- ইসলামিক শরিয়াহ ভিত্তিক ঋণ বিতরণের জন্য ঋণ পণ্য প্রস্তুতকরণ;
- ঋণ চুক্তি অনুযায়ী গ্রাহক নির্বাচন;
- সম্ভাব্য গ্রাহককে যোগ্যতা এবং প্রাপ্যতা অনুযায়ী ঋণ বিতরণ;
- কৃষি জমি রক্ষার উদ্দেশ্যে বহুতল ভবন নির্মাণের জন্য সচেতনতামূলক সেমিনার/কর্মশালার আয়োজন;
- আদায়কৃত অর্থের মাধ্যমে সরকারি কিস্তি পরিশোধ।



চিত্র : Rural and Peri-urban Housing Finance Project এর অফিস

**উপকারিতা ঃ**

- পরিকল্পিত আবাসন সৃষ্টির মাধ্যমে গ্রামীণ এলাকায় জীবনযাত্রায় মানোন্নয়ন;
- Housing Finance মার্কেট সৃষ্টি;
- বহুতল ভবন নির্মাণে উৎসাহ প্রদানের মাধ্যমে চাষযোগ্য জমি রক্ষা করা, যা পরোক্ষভাবে খাদ্য উৎপাদন বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে।

◆ **বাস্তবায়ন সময়কাল ঃ** ধাপ ভিত্তিক ৪ বছর মেয়াদী ২০১৮-২০২১

◆ **সুবিধাভোগীর ব্যয়ঃ** গৃহীত ঋণের ২০% ◆ **সম্প্রসারণের সুযোগ ঃ** সম্প্রসারণের সুযোগ রয়েছে ◆ **সম্ভাব্য ঝুঁকি ঃ** ঝুঁকি নেই

# বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকায় বিএইচবিএফসি (প্রকাশিত খবরের অংশবিশেষ)

সময়ের আলো | সাক্ষাৎকার | দেবাশীষ চক্রবর্তী এমডি, বিএইচবিএফসি

### আধুনিকতার ছোঁয়া লেগেছে বিএইচবিএফসিতে গৃহঋণ পেতে এখন ভোগান্তি নেই



### BHBFC plans housing for middle, lower income groups

**Staff Correspondent:** Bangladesh House Building Finance Corporation (BHBFC) is planning to construct houses in the khas lands by using modern technology for the middle and lower income groups under 'rent to buy' method.

"We will construct the houses in the khas land through developers. The houses will be allocated under 'rent to buy' method and middle and lower income groups will get priority," BHBFC Managing Director Debasish Chakrabarty told. He said BHBFC will construct the houses outside of

সোমবার। ২৩ সেপ্টেম্বর ২০১৯। ৮ আশ্বিন ১৪২৬ কালের কণ্ঠ

বিএইচবিএফসির ঘোষণা

### গৃহঋণে সুদহার কমে ৭%

### গৃহঋণ মিলছে ৭% সুদে

যুগান্তর | শনিবার ১৭ আগস্ট ২০১৯ | ২ ভাদ্র ১৪২৬



### বিএইচবিএফসি'র জাতীয় শোক দিবস পালন

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদতবার্ষিকী পালন করেছে। বৃহস্পতিবার ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এ উপলক্ষে কর্পোরেশনের কনফারেন্স রুমে এক আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক দেবাশীষ চক্রবর্তী দিবসটির তাৎপর্য তুলে ধরে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের ওপর

কালের কণ্ঠ বুধবার। ১৮ সেপ্টেম্বর ২০১৯। ৩ আশ্বিন ১৪২৬

মোহাম্মদ শাহজাহান উপব্যবস্থাপনা পরিচালক হিসেবে পদোন্নতি পেয়ে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স করপোরেশনে যোগ দিয়েছেন। তিনি ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশে (আইসিবি) ১৯৮৭ সালে অফিসার হিসেবে ক্যারিয়ার শুরু করেন। সেখানে তিনি বিভিন্ন গুরুত্বপূর্ণ ডিপার্টমেন্টে দায়িত্ব পালন করেন। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে হিসাববিজ্ঞানে এমকম ডিগ্রি অর্জন করেন তিনি।



www.kalerkantho.com

যুগান্তর | সোমবার ৫ আগস্ট ২০১৯ | ২১ শ্রাবণ ১৪২৬



### বিএইচবিএফসি ও এসকেএসের মধ্যে চুক্তি

'বাংলাদেশ হাউসবিল্ডিং ফাইনান্স কর্পোরেশন' এবং 'সেনাকল্যাণ সংস্থা'র মধ্যে সম্প্রতি ঢাকায় এসকেএস টাওয়ারের কনফারেন্স রুমে এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। অনুষ্ঠানে বিএইচবিএফসি'র পরিচালনা পর্ষদের চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, ব্যবস্থাপনা পরিচালক দেবাশীষ চক্রবর্তী এবং সেনাকল্যাণ সংস্থার চেয়ারম্যান মেজর জেনারেল ফিরোজ হাসানসহ উভয় প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সমঝোতা স্মারকে কর্পোরেশনের পক্ষে মহাব্যবস্থাপক অরুণ কুমার চৌধুরী এবং সেনাকল্যাণ সংস্থার পক্ষে উপমহাপরিচালক কর্নেল মো. মাহমুদুর রহমান স্বাক্ষর করেন। সংবাদ বিজ্ঞপ্তি

NewNation

Dhaka, Tuesday, August 6, 2019




Arun Kumar Chowdhury, General Manager of Bangladesh House Building Finance Corporati… (BHBFC) and Colonel Md Mahmudur Rahman, General Manager of Sena Kalyan Sangstha, signi… an agreement at SKS Tower in the city recently. BHBFC Chairman Prof Dr Md Salim Udd… Managing Director Debasish Chakrabarty and SKS Chairman Major General Firoz Hasan, amo… others, were present. Under the deal, it will be easy and fast to provide BHBFC loan to people w…

Early Settlement- এর ক্ষেত্রে ভবিষ্যৎ সুদ বা অতিঃ সুদ চার্জ করা হয় না

# বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) ২০১৮-২০১৯ বাস্তবায়নে বিএইচবিএফসি'র সাফল্য


Financial Institutions Division
Ministry of Finance

*Certificate of Appreciation*

*This certificate is awarded to*

**Bangladesh House Building Finance Corporation**

*for getting 4th position obtaining 94.34 marks out of 100 regarding yearly evaluation of **Annual Performance Agreement (APA)**, 2018-19 FY.*

(A.B.M Ruhul Azad)
Additional Secretary & APA Team Leader

(Md. Ashadul Islam)
Senior Secretary

২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত রাষ্ট্র হিসেবে বিনির্মাণের দৃঢ় ও সুসংহত লক্ষ্য বাস্তবায়নে একটি কার্যকর, দক্ষ এবং প্রগতিশীল প্রশাসনিক ব্যবস্থা এবং স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের জন্য ২০১৪-১৫ অর্থ-বছর হতে স্ব-স্ব মন্ত্রণালয়ের সাথে আওতাধীন প্রতিষ্ঠানসমূহের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরের মাধ্যমে কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি চালু হয়। সরকারের সহযোগী প্রতিষ্ঠান হিসেবে বিএইচবিএফসি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ২০১৪-১৫ অর্থ বছর হতে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সাথে এপিএ চুক্তি স্বাক্ষর ও এর লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করে আসছে। প্রতি বছরই কর্পোরেশন সফলতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়েছে। এরই ধারাবাহিকতায় ২০১৮-১৯ অর্থবছরে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সাথে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পক্ষে সিনিয়র সচিব এবং বিএইচবিএফসি'র পক্ষে পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয় চুক্তিতে স্বাক্ষর করেন। একইভাবে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সাথে কর্পোরেশনের মাঠ পর্যায়ের জোনাল ও রিজিওনাল অফিস প্রধানগণের পৃথক পৃথক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত নির্দেশিকা মোতাবেক অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সর্বমোট ১০০ নম্বরের ভিত্তিতে এপিএ'র কৌশলগত উদ্দেশ্যসমূহের বার্ষিক লক্ষ্যমাত্রা বাস্তবায়ন ও অর্জন মূল্যায়ন করে থাকে। প্রাতিষ্ঠানিক কৌশলগত উদ্দেশ্যসমূহের লক্ষ্যমাত্রার বিপরীতে ৭৫ নম্বর এবং সকল প্রতিষ্ঠানের জন্য একই আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের লক্ষ্যমাত্রার বিপরীতে ২৫ নম্বর অর্থাৎ সর্বমোট ১০০ নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হয়ে থাকে। পরিচালনা পর্ষদের সময় সময় দিকনির্দেশনা, চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সার্বক্ষণিক তদারকি এবং সদর দফতর ও মাঠপর্যায়ের সংশ্লিষ্টকর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পরিপালনের ফলে ২০১৮-২০১৯ অর্থবছরে বিএইচবিএফসি আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠান সমূহের মধ্যে ১০০ নম্বরের বিপরীতে ৯৪.৩৪ নম্বর পেয়ে অতি উত্তম ক্যাটাগরীতে ৪র্থ স্থান অর্জন করে।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের প্রতিষ্ঠানসমূহের মধ্যে অতি উত্তম ক্যাটাগরিতে বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট ৯৬.৮৫ নম্বর পেয়ে ১ম, মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি ৯৫.৭০ নম্বর পেয়ে ২য়, সোনালী ব্যাংক লিমিটেড ৯৪.৩৫ নম্বর পেয়ে ৩য় এবং বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন ৯৪.৩৪ নম্বর পেয়ে ৪র্থ স্থান অর্জন করে। সে মোতাবেক বিএইচবিএফসি-কে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত সনদ প্রদান করা হয়।

বিএইচবিএফসি'র এ সাফল্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সদর দফতর ও মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সাফল্যের এ ধারাবাহিকতা অক্ষুণ্ন রেখে চলতি অর্থবছরে এপিএ'র লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে সকলকে আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য আহ্বান জানান।


**প্রধান পৃষ্ঠপোষক** ঃ **দেবাশীষ চক্রবর্ত্তী,** ব্যবস্থাপনা পরিচালক


সম্পাদক মন্ডলী ঃ **অরুন কুমার চৌধুরী,** মহাব্যবস্থাপক, মহাবিভাগ (ঋণ, সাধাঃ সেবা, প্রকৌশল ও পিএইচআরডি)

**জেড. এম হাফিজুর রহমান,** উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও মানবসম্পদ উন্নয়ন বিভাগ)

**মোঃ রফিকুল ইসলাম,** সিনিয়র অফিসার, ট্রেনিং ইনস্টিটিউট

প্রকাশনা ঃ পরিকল্পনা ও মানবসম্পদ উন্নয়ন বিভাগ, বিএইচবিএফসি, ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০
info@bhbfc.gov.bd, web : www.bhbfc.gov.bd

গৃহায়নের দিগন্তে ঐতিহ্যের স্মারক




বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

Bangladesh House Building Finance Corporation

২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০

হেল্প লাইন ঃ ০২-৯৫৬১৩৮০, ০১৫৫০০৪৩৩০৫-৬

info@bhbfc.gov.bd; www.bhbfc.gov.bd